

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
উপদেষ্টার দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mpcmr.gov.bd

নং- ২৮.০০.০০০০.০০০.৬০.০০১.২৪-৩১৭


তারিখ: ১৪ বৈশাখ ১৪৩২
২৭ এপ্রিল ২০২৫

বিষয়: মাননীয় উপদেষ্টার নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গতকাল ২৬ এপ্রিল ২০২৫ তারিখ বিকাল ০৫:০৬ মিনিটে মেট্রোরেলের চলাচল বন্ধ হয় ও সন্ধ্যা ০৬:৫২ মিনিটে পুনরায় চালু হয় এবং বিকাল ০৫:৫০ মিনিটে খুলনা অঞ্চলে বিদ্যুতের ব্ল্যাক আউট হয় ও সন্ধ্যা ০৭:০০ মিনিটে পুনরায় চালু হয়। দু'টি ক্ষেত্রেই কোনো সচিব কিংবা সংস্থা প্রধান মাননীয় উপদেষ্টাকে বিষয়টি জানাননি। তিনি বিষয় দু'টি সম্পর্কে সামাজিক যোগাযোগ মাধ্যম মারফত জানতে পারেন।

০২। এখন থেকে যেকোন ধরনের গ্রাহক ও যাত্রীসেবা ব্যাহত হলে তা টেলিভিশনে স্ক্রলের মাধ্যমে অনতিবিলম্বে জানাতে হবে। গ্রাহক ও যাত্রীসেবা পুনরায় চালু হলে তাও টেলিভিশন স্ক্রলের মাধ্যমে জানিয়ে দিয়ে ঘটনার জন্য দুঃখ প্রকাশ করতে হবে।

০৩। মনে রাখতে হবে গ্রাহক ও যাত্রীসেবা আমাদের দয়া নয়, বরং দায়।



সাইফুল ইসলাম
উপদেষ্টার একান্ত সচিব (উপসচিব)
ইমেইল: pstoadviser@pd.gov.bd
ফোন: ০২২২৩৩৫১৩৪৭

বিতরণ: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (প্রতিমন্ত্রী পদমর্যাদা), সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
- ০২। সিনিয়র সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৩। সচিব, বিদ্যুৎ বিভাগ।
- ০৪। সচিব, রেলপথ মন্ত্রণালয়।
- ০৫। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ০৬। সচিব, সেতু বিভাগ।